

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫৭৯৩  
কমলপুর, ৩০ সেপ্টেম্বর, ২০২১

**আজাদি কা অমৃত মহোৎসব : কমলপুর সরকারি মহাবিদ্যালয়ে রাষ্ট্রীয় একতা দিবস**

আজাদি কা অমৃত মহোৎসব উপলক্ষে গতকাল কমলপুর সরকারি মহাবিদ্যালয়ে রাষ্ট্রীয় একতা দিবস পালিত হয়। এই উপলক্ষে মহাবিদ্যালয়ের সভাঘরে অধ্যাপক, অধ্যাপিকা ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে জাতীয় সংহতি বিষয়ক অঙ্গীকার পাঠ করা হয়। এরপর সর্দার বল্লভ ভাই প্যাটেলের প্রতিকৃতিতে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. দীপংকর চক্রবর্তী সহ উপস্থিত সকলে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। সর্দার বল্লভ ভাই প্যাটেলের জীবনীর উপর আলোচনা করেন অধ্যক্ষ ড. দীপংকর চক্রবর্তী ও অধ্যাপক ড. জ্যাকব হালাম।

\*\*\*\*\*